বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯৩১

e-mail: dgmaccounts1@krishibank.org.bd

## কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং-প্রকা/হিসাব-১/১৭(৩)/২০১৮-২০১৯/ ৯৭৮ তারিখঃ ২৯-০৮-২০১৮

০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০২। উপ-মহাব্যবস্থাপক, এলপিও সহ সকল কর্পোরেট শাখা।
০৩। ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ কৃষি ঋণের সুদ হার হ্রাস জনিত কারণে ২০১৬-১৭ অর্থবছরের সুদ ভর্তুকীর দাবী যাচাইয়ের লক্ষ্যে শাখাওয়ারী তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষি খাতে ২০১৬-১৭ অর্থবছরের সুদ ভর্তুকী বাবদ ৫৩৭.৪৬ কোটি টাকা সরকারের নিকট দাবী করেছে। প্রধান কার্যালয়ের সুদ ভর্তুকী দাবীর ক্ষেত্রে মাঠ কার্যালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত স্থিতিপত্রকে হিসাবায়নের ভিত্তি ধরা হয়ে থাকে। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক দাবীকৃত সুদ ভর্তুকীর সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে বিষয়টি মন্ত্রণালয় হতে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছে। এপ্রেক্ষিতে অত্র ব্যাংকের সকল শাখার তথ্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী বর্ণিত ছকে অতি সত্বর বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা প্রয়োজন। অন্যথায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরের সুদ ভর্তুকী বাবদ দাবীকৃত ৫৩৭.৪৬ কোটি টাকা অগ্রহনযোগ্য বলে বিবেচিত হবে।

০২। এমতাবস্থায়, সরকারের নিকট ব্যাংকের সুদ ভর্তুকীর দাবী আদায়ের লক্ষ্যে সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে আগামী **১০-০৯-২০১৮** তারিখের মধ্যে স্ব-স্ব মুখ্য অঞ্চল/অঞ্চলের শাখাওয়ারী বিবরণী নিম্নোক্ত ছকে প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হলো। উল্লেখ্য যে, বর্তমানে প্রদানকৃত তথ্যের সাথে ২০১৬-১৭ অর্থবছরের বৈষয়িক বিবরণী (এসিএফ-৩৭) এর সংশ্লিষ্ট খাতসমূহের স্থিতির সাথে অবশ্যই মিল থাকতে হবে।

৩০ জুন' ২০১৭ ভিত্তিক বিবরণী (লক্ষ টাকায়)

| ক্রঃনং | খাতের বিবরণ | ঋণ বিতরনের পরিমান | ঋণ স্থিতির পরিমান | সুদ ভর্তুকীর হার | সুদ ভর্তুকির পরিমান (৪নং কলামের স্থিতি × ৪%) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | শষ্য | | | ৪% | |
| ২ | মৎস্য | | | ৪% | |
| ৩ | প্রাণী সম্পদ | | | ৪% | |
| ৪ | কৃষি ও সেচ যন্ত্রপাতি | | | ৪% | |
| ৫ | কৃষি ভিত্তিক শিল্প | | | ৪% | |
| ৬ | দারিদ্র বিমোচন | | | ৪% | |
| | মোট = | | | | |

০৩। বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন(যাচাই) কার্যক্রমে সহায়তা করার লক্ষ্যে শাখাসমূহ, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, এলপিও, সকল কর্পোরেট শাখাসমূহ স্ব স্ব প্রতিবেদন সংরক্ষন করবে এবং ৩০-০৬-২০১৭ ভিত্তিক ছকে বর্ণিত খাতসমূহে ঋণের স্থিতি রয়েছে এমন হিসাব ও মঞ্জুরীপত্র/ঋণ নথিসমূহ পরিদর্শনের জন্য প্রস্তুত রাখবে।

০৪। মাঠ কার্যালয়ের কোন কর্মকর্তা/কর্মচারীর অসহযোগীতা, কর্তব্যে অবহেলা, গাফেলতির কারনে সুদ ভর্তুকীর দাবী আদায়ে বিঘ্ন সৃষ্টি হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৫। সংশ্লিষ্ট বিষয়ে কোন ধরনের ব্যাখ্যার প্রয়োজন হলে উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

২৯/৮/১৮
(শেখ মাহমুদ কামাল)
মহাব্যবস্থাপক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়সমূহ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৫। **উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
০৬। নথি/মহানথি।

২৯/০৮/১৮
(মোঃ আবু জাফর হাওলাদার)
উপ-মহাব্যবস্থাপক

E:\TMD\Letter.docx

২০৩